শিক্ষা নিয়ে গড়ব দেশ শেখ
হাসিনার বাংলাদেশ

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ
শিক্ষা মন্ত্রণালয়
অডিট শাখা-০১
বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
www.tmed.gov.bd

মুজিব শতবর্ষ ১০০

স্মারক নম্বর: ৫৭.০০.০০০০.১৪২.১৬.১০৫.১৯-৯১

তারিখ: ৮ পৌষ ১৪২৭
২৩ ডিসেম্বর ২০২০

বিষয়: বগুড়া জেলার গাবতলী উপজেলাধীন তরফ সরতাজ ফাজিল (স্নাতক) মাদ্রাসা-এর পরিদর্শন ও নিরীক্ষা প্রতিবেদনের ব্রডশীট জবাবের উপর টিএমইডি এর নির্দেশনা প্রতিপালনপূর্বক প্রমাণকসহ তথ্য প্রেরণ।

সূত্র: টিএমইডি এর স্মারক নং-৫৭.০০.০০০০.১৪২.১৬.১০৫.২০১৯-৩৫, তারিখ: ১১.০২.২০২০ খ্রি.।

উল্লেখিত পত্রে ডিআইএ কর্তৃক পরিদর্শন প্রতিবেদনের অনুচ্ছেদ ০৬ এ বর্ণিত আপত্তি নিম্নরূপ:

| বিএসআর এর ক্র: নং | DIA এর আপত্তি | প্রতিষ্ঠান প্রধানের জবাব | DEO এর জবাব | DG, DME এর সুপারিশ | TMED এর নির্দেশনা |
|---|---|---|---|---|---|
| ১ | ২ | ৩ | ৪ | ৫ | ৬ |
| ৬. | বিগত পরিদর্শন: ডিআইএ কর্তৃক ০৬/০৮/২০০০ খ্রি. তারিখের পরিদর্শন প্রতিবেদনের ১২ (ট) অনুচ্ছেদে বর্ণিত প্রভাষক জনাব মো: নাফিজ উদ্দীন কর্তৃক অতিরিক্ত গৃহীত ২৫,৭১২/- টাকা ফেরতের সুপারিশ অবাস্তবায়িত। প্রতিবেদনের ১২(ঠ) অনুচ্ছেদে বর্ণিত সহকারী শিক্ষক জনাব মো: আব্দুল জলিল কর্তৃক অতিরিক্ত গৃহীত ৫০৭০/- টাকা ফেরতের সুপারিশ অবাস্তবায়িত। প্রতিবেদনের ১২(ড) অনুচ্ছেদে বর্ণিত সহকারী শিক্ষক জনাব মো: জেল্লার রহমান কর্তৃক অতিরিক্ত গৃহীত ৫৯৪৯/- টাকা ফেরতের সুপারিশ অবাস্তবায়িত। অবাস্তবায়িত সুপারিশ বাস্তবায়ন করতে হবে। | জনাব মো: নাফিজ উদ্দীন, প্রভাষক, আরবী পদে যোগদান করেন। ইতোপূর্বে তিনি দুইটি মাদ্রাসায় সহকারী মাওলানা ও হেড মাওলানার পদে চাকুরী করেছেন মর্মে অভিজ্ঞতার সনদ দাখিল করেছেন তা গ্রহণযোগ্য এবং তার চাকুরির অভিজ্ঞতা ও মেয়াদ গণনাযোগ্য। যেহেতু২৪/১০/৯৫ খ্রি. তারিখের জনবল কাঠামোতে উল্লেখ করা হয়েছে যে, সহকারী মাওলানা পদের শিক্ষকগণের শিক্ষাগত যোগ্যতা থাকলে তারা প্রভাষক পদে রূপান্তরিত হবে এবং প্রভাষক হিসেবে গণনা হবে। সুতরাং তৎকর্তৃক গৃহীত ২৫,৭১২/- টাকা সরকারি কোষাগারে ফেরতযোগ্য নয়। ১২(ঠ) অনুচ্ছেদে সহকারী শিক্ষক জনাব মো: আব্দুল জলিল ০১/০৭/১৯৯৪ হতে ২৮৫০/- টাকার বেতন স্কেল গ্রহণ করেছেন। সুতরাং তৎকর্তৃক গৃহীত ৫০৭০ টাকা সরকারি কোষাগারে ফেরতযোগ্য নয়। ১২(ড) অনুচ্ছেদে বর্ণিত সহকারী শিক্ষক জনাব মো: জেল্লার রহমান কর্তৃক অতিরিক্ত গৃহীত ৫৯৪৯/- টাকা ০৬/০২/২০০২ খ্রি. তারিখে ১০০০/- টাকা এবং ২২/০৯/২০০২ খ্রি. তারিখে ৩৬৩২/- টাকা ব্যাংক চালানের মাধ্যমে জমা দিয়েছেন। | আপত্তিসমূহ ইতোপূর্বে নিষ্পত্তি করে চালানের কপিসহ জবাব প্রেরণ করা হয়েছে। পুনরায় সংশ্লিষ্ট কাগজপত্র প্রেরণ করা হলো। আপত্তিটি নিষ্পত্তি করা যেতে পারে। | অধ্যক্ষ ও উপ-পরিচালক স্থানীয় সরকার, বগুড়া এর জবাব গ্রহণপূর্বক উক্ত শিক্ষকগণকে আপত্তি হতে অব্যাহতি দেয়া যেতে পারে। | ক(১) ডিআইএ এর প্রতিবেদনের আপত্তিতে শিক্ষকের নাম রয়েছে মো: মফিজউদ্দিন কিন্তু মাদ্রাসা কর্তৃপক্ষের জবাবে নাম রয়েছে মো: নাফিজ উদ্দিন এর কারণ ২৫/০২/২০২০ খ্রি. তারিখের মধ্যে জানানোর জন্য ডিজি, ডিএমই-তে অনুরোধ করা হলেও অদ্যাবধি টিএমইডি-তে পাওয়া যায়নি। ক(২) কোন আইন/বিধি/সার্কুলার মোতাবেক জনাব নাফিজ উদ্দিন/মফিজ উদ্দিন এর আপত্তির ২৫,৭১২/- টাকা ফেরত দিতে হবে না মর্মে প্রতিষ্ঠানের জবাব গ্রহণযোগ্য তার স্বপক্ষে কোন প্রমাণক সংযুক্ত করা হয়নি। এমতাবস্থায়, আইন/বিধি/সার্কুলার এর প্রমানকসহ বিএসআর আগামী ১৮/০১/২০২১ খ্রি. তারিখের মধ্যে টিএমইডিতে প্রেরণের জন্য ডিজি, ডিএমই-কে অনুরোধ করা হলো। খ(১) কোন আইন/বিধি/সার্কুলার মোতাবেক জনাব আব্দুল জলিল এর আপত্তির |

| | | | | | |
|---|---|---|---|---|---|
| | | | | | ৫,০৭০/- টাকা ফেরত দিতে হবে না মর্মে প্রতিষ্ঠানের জবাব গ্রহণযোগ্য তার স্বপক্ষে কোন প্রমাণক সংযুক্ত করা হয়নি। এমতাবস্থায়, আইন/বিধি/সার্কুলার এর প্রমাণকসহ বিএসআর আগামী ১৮/০১/২০২১ খ্রি. তারিখের মধ্যে টিএমইডি প্রেরণের জন্য ডিজি, ডিএমই-কে অনুরোধ করা হলো। (গ) সহকারী শিক্ষক জনাব মো: জেল্লার রহমান কর্তৃক অতিরিক্ত গৃহীত ৫,৯৪৯/- টাকার মধ্যে ৪,৬৩২/- টাকা চালানের মাধ্যমে জমা দিয়েছেন। অবশিষ্ট ১,৩১৭ টাকা সরকারি কোষাগারে চালানের মাধ্যমে জমা করে চালানের কপিসহ উহার অনলাইন যাচাইকৃতসহ বিএসআর আগামী ১৮/০১/২০২১ খ্রি. তারিখের মধ্যে টিএমইডি-তে প্রেরণের জন্য ডিজি, ডিএমই-কে অনুরোধ করা হলো। |

০৩. উপরিল্লিখিত ছকে বর্ণিত ০৬ নং কলামের নির্দেশনা বাস্তবায়নপূর্বক প্রমাণকসহ বিএসআর ২৫.০২.২০২০ খ্রি. তারিখের মধ্যে টিএমইডিতে প্রেরণ করার কথা থাকলেও অদ্যাবধি (ইতোমধ্যে প্রায় ১০ মাস অতিক্রান্ত হওয়া সত্ত্বেও) তা পাওয়া যায়নি যা সুস্পষ্টভাবে সরকারি নির্দেশনা অমান্যের সামিল।

০৪. এমতাবস্থায়, উপরিউক্ত ছকের ৬ নং কলামের নির্দেশনা বাস্তবায়নপূর্বক প্রমাণকসহ বিএসআর আগামী ১৮.০১.২০২১ খ্রি. তারিখের মধ্যে আবশ্যিকভাবে টিএমইডি-তে প্রেরণ নিশ্চিত করার জন্য ডিজি, ডিমএই-কে নির্দেশক্রমে **২য় বারের মতো অনুরোধ** করা হলো।

২৩-১২-২০২০
নূরজাহান বেগম
সিনিয়র সহকারী সচিব
ফোন: ৯৫৭৫২৭২

মহাপরিচালক, মাদ্রাসা শিক্ষা অধিদপ্তর, বাংলাদেশ গার্লস গাইড এসোসিয়েশন, গাইড হাউজ, ৭ম ও ১০ম তলা, নিউ বেইলী রোড, ঢাকা-১০০০।

স্মারক নম্বর: ৫৭.০০.০০০০.১৪২.১৬.১০৫.১৯-৯১/১(৯)

তারিখ: ৮ পৌষ ১৪২৭
২৩ ডিসেম্বর ২০২০

সদয় অবগতি ও কার্যার্থে প্রেরণ করা হল:

১) সচিব মহোদয়, কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, ঢাকা।

২) সচিব মহোদয়ের একান্ত সচিব, কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, ঢাকা।

৩) জনসংযোগ কর্মকর্তা, কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, ঢাকা।
৪) সিষ্টেম এনালিষ্ট, কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয় (পত্রটি ওয়েবসাইডে প্রকাশের অনুরোধসহ)।
৫) সভাপতি, তরফ সরতাজ ফাজিল (স্নাতক) মাদ্রাসা, গাবতলী, বগুড়া।
৬) অধ্যক্ষ, তরফ সরতাজ ফাজিল (স্নাতক) মাদ্রাসা, গাবতলী, বগুড়া।
৭) অতিরিক্ত সচিব (অডিট ও আইন) মহোদয়ের ব্যক্তিগত কর্মকর্তা, কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, ঢাকা।
(মহোদয়ের সদয় অবগতির জন্য)
৮) উপ-সচিব (অডিট ও আইন) মহোদয়ের ব্যক্তিগত কর্মকর্তা, কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, ঢাকা।
(মহোদয়ের সদয় অবগতির জন্য)
৯) অফিস কপি, মাষ্টার কপি।

২৩-১২-২০২০
নূরজাহান বেগম
সিনিয়র সহকারী সচিব